# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) আসামের জনপ্রিয় সঙ্গীত শিল্পী জুবিন গার্গের দেহাবসান ।

(২) জুবিন গার্গের মৃত্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সহ বিশিষ্ট ব্যাক্তিদের শোকপ্রকাশ ।

(৩) সেবা পর্ব উপলক্ষ্যে আজ রাজ্যের ২০ হাজার বিদ্যালয়ে গাছের চারা রোপন ।

এবং

(৪) কাছাড় জেলায় আজ আরো দুজন ভূঁয়ো চিকিৎসক গ্রেপ্তার ।

----------------------------------------------------------------------------------------

আসামের কলা সংস্কৃতি জগতের উজ্জ্বল নক্ষত্র প্রখ্যাত সঙ্গীত শিল্পী জুবিন গার্গ আজ শেষ নিশ্বাস ত্যাগ করেছেন ।আজ দুপুরে সিংগাপুরে সমুদ্রে সাঁতার কাটতে গিয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাঁকে তৎক্ষনাৎ সিংগাপুর জেনেরেল হাসপাতালে নিয়ে যাওয়া হয় । তবে চিকিৎসকদের সব প্রয়াস ব্যর্থ হয় । ভারতীয় সময় বেলা দুটো ৪৫ মিনিটে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করে ।বয়স হয়েছিল ৫৩ । তিন দশকেরও বেশী সময় ধরে অসমীয়া সঙ্গীত জগতে এক প্রকার অপ্রতিদ্বন্দী কণ্ঠশিল্পী জুবিন গার্গ অসমীয়া সহ বাংলা , হিন্দি এবং আরও কয়েকটি ভারতীয় ভাষায় গান গেয়েছেন । জুবিন গার্গের জন্ম ১৯৭২ সালের ১৮ নভেম্বর মেঘালয়ের তুরায় । ১৯৯২ সালে অনামিকা এলবামের মধ্য দিয়ে সঙ্গীতের যাত্রা শুরু করা জুবিন নবপ্রজন্মকে পুনরায়

অসমীয়া আধুনিক গানের অনুরাগী করে তোলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করেছিলেন ।বাংলা ছবি ‘শুধু তুমি’ র জন্য ২০০৫ সালে তিনি শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালকের পুরস্কার লাভ করেন । ২০০৭ সালে হিন্দি ছবি গেঙ্গষ্টারের ‘ ইয়া আলী ’ শীর্ষক গানটির জন্য তিনি গ্লোবাল ইন্ডিয়ান ফিল্ম এওয়ার্ডে শ্রেষ্ঠ প্লেব্যাক সিঙ্গার পুরস্কার লাভ করেন । এছাড়া ইংরাজী - খাসিয়া ছবি ইক’জ অব সাইলেন্সের জন্য তিনি শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালক হিসেবে রজত কমল পুরস্কার লাভ করেন । অসমীয়া সঙ্গীতকে নতুন মাত্রা প্রদান করার জন্য ২০১৪ সালে তাঁকে ‘রেনেসাঁ আসাম ’ পুরস্কারে সম্মানিত করা হয় ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জুবিন গার্গের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।এক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন যে তাঁর গানের জন্য তিনি সমাজের সব শ্রেণীর মানুষের কাছে জনপ্রীয় ছিলেন ।সঙ্গীত জগতে বিশেষ অবদানের জন্য জুবিন গার্গ সর্বদা স্মরণীয় হয়ে থাকবেন বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জুবিন গার্গের আকষ্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন । এক শোকবার্তায় তিনি বলেন যে আসাম আজ এক সুসন্তানকে হারিয়েছে । জুবিন গার্গের আকষ্মিক মৃত্যু রাজ্যের কলা সংস্কৃতি জগতে যে শূণ্যতার সৃষ্টি করেছে তা অপূরণীয় বলে মন্তব্য করেন । তাঁর নস্বর দেহ আসামে ফিরিয়ে আনার জন্য সিঙ্গাপুরের রাষ্ট্রদূতের সঙ্গে কথা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।অল্প কিছুক্ষন পরে এই সম্পর্কে দিসপুর লোকসেবা ভবনে মুখ্যমন্ত্রীর অধ্যক্ষতায় এক বৈঠক অনুষ্ঠিত হবে বলে তিনি জানান ।

কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , জেপি নাড্ডা, কিরেণ রিজিজু , সাংসদ গৌরব গগৈ সহ রাজ্যের মন্ত্রী , বিধায়ক ,বলিউডের বিশিষ্ট গায়ক , সঙ্গীত পরিচালক প্রীতম , জুবিন নটিয়াল সহ অজস্র গুণমুগ্ধ তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন ।

-------------------------------------------------------------------------------------

আয় বর্হিভূত সম্পত্তি অর্জনের মামলায় গ্রেপ্তার হওয়া আসাম অসামরিক সেবার আধিকারিক নূপুর বরাকে চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে । দূর্নীতি প্রতিরোধ আইনের অধীনে মূখ্যমন্ত্রীর তদারকী কোষ গ্রেপ্তার করার পরিপ্রেক্ষিতে //গত ১৫ সেপ্টেম্বর থেকে প্রযোজ্য হওয়া //রাজ্যসরকারের কর্মচারী প্রশাসন বিভাগ // অভিযুক্ত বরাকে চাকুরী থেকে বরখাস্ত করেছে । আগেই জানানো হয়েছে যে নূপুর বরার আয় থেকে অধিক সম্পত্তি অর্জন সম্পর্কে মূখ্যমন্ত্রীর তদারকী কোষের রুজু করা এক মামলার ভিত্তিতে অভিযান চালিয়ে //বরার বাসগৃহ সহ ব্যাঙ্কের লকার থেকে এক কোটিরও অধিক অর্থ জব্দ করা হয়েছিলো ।

---

আসাম সরকারের সাংস্কৃতিক সঞ্চালকালয় ২০২৫-২৬ বর্ষের শিল্পী পেনশন প্রকল্পের জন্য শিল্পীদের কাছ থেকে প্রয়োজনীয় প্রমাণপত্র সহ আবেদনপত্র জমা দেওয়ার আহ্বান জানিয়েছ। ইচ্ছুক শিল্পীরা www.directorculture.assam.gov.in ,www,silpisanmanassam.com এর মাধ্যমে অনলাইনে আবেদন জানাতে পারবেন । আগামী ১০ অক্টোবর অনলাইন আবেদননের শেষ দিন । উল্লেখ্য সরকার রাজ্যের সাংস্কৃতি ক্ষেত্রে বিশেষ অবদান যোগানো ব্যক্তিদের পেনশন , পরিবার পেনশন তথা বার্ষিক শিল্পী সম্মান প্রদান করা সহ শিল্পীদের অসচ্ছল পরিবারকে বিশেষ পেনশন প্রদান করে আসছে ।

---

সেবা পর্ব উপলক্ষ্যে আজ রাজ্যের ২০ হাজার বিদ্যালয়ে গাছের চারা রোপন করা হয়েছে । প্রকৃতির সঙ্গে প্রগতির লক্ষ্য শীর্ষক উদ্দেশ্যকে সামনে রেখে গাছের চারা রোপন কার্যসূচী হাতে নেওয়া হয়েছে । সে অনুসারে আজ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ৭৫ টি করে গাছের চারা রোপন করা হয়েছে । এই কার্যসূচীতে বিদ্যালয়গুলির পরিচালনা ও উন্নয়ন সমিতির অধ্যক্ষ এবং সদস্য সহ ছাত্র ছাত্রীদের অভিভাবকরা অংশগ্রহণ করেন । বিদ্যালয় কর্তৃপক্ষের রোপন করা গাছের চারার ফটো // এ সম্পর্কীত পোর্টেলে আপলোড করতে বলা হয়েছে । এই কার্যসূচীর জন্য সমগ্র রাজ্যে ৩০ লক্ষেরও অধিক গাছের চারা বিতরণ করা হয়েছে ।

---

কাছাড় জেলায় সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্য্যসূচী পালন করা হয়েছে, আগামীকাল নবীন সাহিত্যিকদের বিশেষভাবে আয়োজিত হবে যুব লেখক সম্মান প্রকল্প , ২২শে সেপ্টেম্বর যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র প্রকল্পের মাধ্যমে পুষ্টি সহায়তা প্রদান এবং ২৫শে সেপ্টেম্বর জেলাজুড়ে এক হাজার পাঁচশ ৭৫টি ভোট কেন্দ্রে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায় শুরু হবে ।

---

শ্রীভূমি জেলায় সেবা সপ্তাহ্ পালনের অঙ্গ হিসেবে আজ জেলা বন বিভাগ ও জেলা উচ্চতর শিক্ষা বিভাগের যৌথ উদ্যোগে গম্ভীরা চা বাগানের পিতাম্বর কুর্মী আর্দশ বিদ্যালয়ে বৃক্ষরোপন কার্য্যসূচী পালন করা হয়েছে । বৃক্ষ রোপন কার্য্যসূচীতে সাংসদ কৃপানাথ মালা , বন বিভাগের আধিকারীক অমল বোরহাড়ে , জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শক নিলম জ্যোতি দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------------------

এদিকে সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ হাইলাকান্দি জেলার এক হাজার তিনশ ৮৭টি শিক্ষা প্রতিষ্ঠানে এক লক্ষ চার হাজার ২৫টি গাছের চারা রোপন করা হয়েছে । সাংসদ কৃপানাথ মালা ও জেলা আয়ুক্ত অভিষেক জৈন লক্ষীনগর চা বাগান মডেল হাইস্কুলে গাছের চারা রোপন করেন । বিধায়ক সুজাম উদ্দিন লস্কর জয় মঙ্গল হাইস্কুলে বৃক্ষ রোপন কার্য্যসূচীতে অংশগ্রহন করেন ।

--------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় ভূঁয়ো চিকিৎসকদের বিরুদ্ধে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে । এ পর্যন্ত জেলায় মোট ১০ জন ভূঁয়ো চিকিৎসককে গ্রেপ্তার করা হয়েছে । আজ সোনাই বিধানসভা কেন্দ্রের কাবুগঞ্জ বাজার এবং কাপ্তানপুরে পৃথক পৃথক অভিযানে কাছাড় পুলিশ উমাশংকর সিনহা এবং জহিরুল বরভূঁইয়া নামের দুজন ভূঁয়ো চিকিৎসককে গ্রেপ্তার করেছে । উমাশংকর সিনহাকে কাবুগঞ্জ মানস মেডিকেল হল থেকে এবং কাপ্তানপুর অষ্টদশ খন্ডের একটি ফার্মেসী থেকে জহিরুল বরভূঁইয়া নামের অন্য একজন ব্যাক্তিকে আজ গ্রেপ্তার করা হয়েছে । দুজনেই দীর্ঘদিন ধরে কোনো বৈধ মেডিকেল ডিগ্রী না নিয়ে প্রতারণা করে রোগীদের চিকিৎসা করছিলো ।

--------------------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করা হয় । বিভাগীয় প্রধান ড.সন্ধানী নাথের পৌরহিত্যে আয়োজিত বক্তৃতা অনুষ্ঠানে কটন কলেজের প্রাক্তন উপাধ্যক্ষা ডক্টর নন্দিতা ভট্টাচার্য্য গোস্বামী আমন্ত্রিত বক্তা হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন যে সংস্কৃত সাহিত্য নীতি শিক্ষার মাধ্যমে আমাদের ব্যবহারিক জীবনকে সুন্দর ও সুদৃঢ় করতে সহায়তা করে । পরে অধ্যাপিকা শ্রীমতি গোস্বামীর সঙ্গে শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয় ।

--------------------------------------------------------------------------------------------

নাগরিক অধিকার রক্ষা কমিটি আসামের উদ্যোগে গত ১৭ই সেপ্টেম্বর শিলচরে গুয়াহাটী হাইর্কোটের আইনজীবি প্রয়াত কালীপদ সেনের স্মরনে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । নাগরিক অধিকার রক্ষা কমিটির সচিব সাধন পুরকায়স্থের পৌরহিত্যে আয়োজিত স্মরন সভায় কালীপদ সেনের আত্মত্যাগের ইতিহাস নিয়ে কিশোর ভট্টাচার্য্য , আলী রেজা উসমানী ,সমীরন চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।

উল্লেখ্য ১৯৮৬ সালের ১৭ সেপ্টেম্বর নাগরিক অধিকার রক্ষা কমিটির সভাপতি তথা গুয়াহাটী হাইকোর্টের আইনজীবি কালীপদ সেনকে গুয়াহাটী পল্টন বাজারের বাড়ীতে উগ্রপন্থীরা গুলি করে হত্যা করে ।

-----------------------------------------------------------------------------------